

# ইটভাট্টা মালিকদের নিয়ে কর্মশালা ১১ই

স্বন্দন প্রতিনিধি, আগরতলা, ৯  
আগস্ট। ইটভাট্টা মালিকদের নিয়ে  
কর্মশালা হবে আগামী ১১ আগস্ট।  
শহিদ ভগৎ সিং যুব আবাসে ঐদিন  
সকাল সাড়ে ১১টায় কর্মশালা শুরু  
হবে। রাজ্যের ইটভাট্টা মালিকদের  
নিয়ে ওরিয়েনটেশন ওয়ার্কশপ।  
ধীন টেকনোলজির ব্যাপারে  
আগরতলা প্রেসক্রাভে বুধবার  
বিকেল সাংবাদিক সম্মেলনে  
এনবিআইআরটি সভাপতি ডঃ  
এসপি গণচৌধুরী জানান, কালো  
ধোয়া বন্ধ করার উপর ঐদিন  
আলোচনা হবে। সবুজায়ন পাকা  
খুব দরকার। তা কিভাবে করা যায়  
এর উপর বিশেষজ্ঞরা মূল্যবান  
পরামর্শ দেবেন। ১১ আগস্ট  
কর্মশালার উদ্বোধন করবেন বিজ্ঞান  
প্রযুক্তি পরিবেশ দপ্তরের মন্ত্রী  
বিজিতা নাথ। সম্মানিত অতিথি  
হিসেবে টিএসপিসিবি চেয়ারম্যান  
প্রফেসর মিহির কান্তি দেব  
থাকবেন। থাকবেন সিইসি প্রজেক্ট  
অফিসার। করবেন টিএসপিসিবি  
তুলি চাকমা প্রমুখ।